# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৭৯. যে কোন ভাবে নিজকে লাঞ্ছনার সম্মুখীন করা

’হুযাইফাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَنْبَغِيْ لِلْمُؤْمِنِ أَنْ يُّذِلَّ نَفْسَهُ ، قَالُوْا : وَكَيْفَ يُذِلُّ نَفْسَهُ ؟ قَالَ: يَتَعَرَّضُ مِنَ الْبَلَاءِ لِمَا لاَ يُطِيْقُ

“কোন মু’মিনের জন্য উচিৎ হবে না নিজকে কোন ভাবে লাঞ্ছিত করা। সাহাবায়ে কিরাম বললেনঃ (হে আল্লাহ্’র রাসূল!) কিভাবে কেউ নিজকে লাঞ্ছিত করে? তিনি বললেনঃ কেউ নিজ সাধ্যাতীত কোন বিপদ স্বেচছায় নিজ কাঁধে উঠিয়ে নেয়া”।[1]

কাউকে কোন শরীয়ত বিরোধী কাজ করতে দেখে তাকে উক্ত কাজ থেকে বিরত রাখার চেষ্টা না করে তা চোখ বুজে মেনে নেয়াও নিজকে লাঞ্ছিত করার শামিল।

আবু সা’ঈদ্ খুদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِنَّ اللهَ لَيَسْأَلُ الْعَبْدَ يَوْمَ الْقِيَامَةِ حَتَّى يَقُوْلَ : مَا مَنَعَكَ إِذْ رَأَيْتَ الْـمُنْكَرَ أَنْ تُنْكِرَهُ ؟ فَإِذَا لَقَّنَ اللهُ عَبْدًا حُجَّتَهُ قَالَ : يَا رَبِّ ! رَجَوْتُكَ وَفَرِقْتُ مِنَ النَّاسِ

“নিশ্চয়ই আল্লাহ্ তা’আলা বান্দাহ্কে কিয়ামতের দিন এ বলে প্রশ্ন করবেন যে, তুমি যখন তোমার সামনে অসৎ কাজ সংঘটিত হতে দেখলে তখন তুমি তাতে বাধা দিলে না কেন? যখন আল্লাহ্ তা’আলা বান্দাহ্কে তার কৈফিয়ত দেয়ার সুযোগ দিবেন তখন সে বলবেঃ হে আমার প্রভু! আমি আপনার অনুগ্রহের আশা অবশ্যই করেছিলাম। তবে তখন মানব ভীতিই আমার মধ্যে বেশি কাজ করেছিলো”।[2]

>

## ফুটনোট

[1] (তিরমিযী, হাদীস ২২৫৪ ইবনু মাজাহ্, হাদীস ৪০৮৮)

[2] (ইবনু মাজাহ্, হাদীস ৪০৮৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন